



কর্মপরিকল্পনা প্রণয়ন করবে এপিও সোসাইটি ফর বাংলাদেশ

বাংলাদেশের শিল্প, সেবা, কৃষিসহ সব খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে প্রণীত দশ বছর মেয়াদি ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্লান বাস্তবায়নে স্বল্প ও দীর্ঘ মেয়াদি কর্মপরিকল্পনা প্রণয়ন করবে এপিও সোসাইটি ফর বাংলাদেশ। রাজধানীর একটি হোটেলে এপিও সোসাইটি ফর বাংলাদেশের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির অভিষেক অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। এপিও সোসাইটি ফর বাংলাদেশের ভারপ্রাপ্ত সভাপতি ও এনপিও'র পরিচালক এসএম আশরাফুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পসচিব মো. আবদুল হালিম। এতে বিটাকের মহাপরিচালক ড. মো. মফিজুর রহমান, বিএসটিআইয়ের মহাপরিচালক মো. মুয়াজ্জেম হোসাইন, শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব লুৎফুন নাহার বেগম প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি